আজকের কাগজ

তারিখ 17 NOV 1991
পৃষ্ঠা ৫ কলাম ৬

47

# শূন্যপদে নিয়োগসহ বিভিন্ন দাবিতে গণতান্ত্রিক ছাত্রঐক্যের মিছিল

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** প্রশাসন থেকে অবসরপ্রাপ্ত সামরিক অফিসারদের বাদ দেয়া এবং এক লক্ষ পঁচাশি হাজার শূন্যপদে নিয়োগসহ বিভিন্ন দাবিতে গতকাল শনিবার গণতান্ত্রিক ছাত্রঐক্য মিছিল, সমাবেশ করেছে।

গণতান্ত্রিক ছাত্রঐক্যের একটি মিছিল গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে শুরু হয়ে জাতীয় প্রেসক্লাবে এসে শেষ হয়। এখানে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন ছাত্রলীগের (না-শ) সভাপতি নাজমুল হক প্রধান, ছাত্রমৈত্রীর সাধারণ সম্পাদক রাগীব আহসান মুন্না ও ছাত্র সমিতি নেতা জাহিদ হোসেন খোকন।

সমাবেশে নাজমুল হক প্রধান বলেন, সন্ত্রাস দমনের উপযোগী পরিবেশ সৃষ্টির জন্যে প্রধান বিরোধীদল তাদের ছাত্রসংগঠনের কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্থগিত করেছে। তিনি সরকারের প্রতি আহবান জানিয়ে বলেন, সন্ত্রাস দমনের উপযোগী পরিবেশ সৃষ্টির জন্যে আপনাদের ছাত্রসংগঠনের কার্যক্রম ক্যাম্পাসে স্থগিত করুন। তিনি এক লাখ পঁচাশি হাজার শূন্যপদে নিয়োগ দান, চাকরি হতে নিষেধাজ্ঞা প্রত্যাহার, বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্যে বিকল্প কর্মসংস্থান প্রকল্প চালু ও প্রশাসন হতে অবসরপ্রাপ্ত সামরিক অফিসারদের বাদ দিয়ে নতুনভাবে লোক নিয়োগ করার জোর দাবি জানান।